দৈনিক ইত্তেফাক

তারিখ ০৫ JAN 2016 পৃষ্ঠা ১৫ কলাম ৪

# গোপালগঞ্জে অটিজম স্কুল উদ্বোধন

■ গোপালগঞ্জ প্রতিনিধি

জেলার মুকসুদপুরে মুন্সি তৈয়াবুর রহমান একাডেমি ও মিনি-ঝিনি অটিজম স্কুলের উদ্বোধন করা হয়েছে। সোমবার ওই স্কুলের উদ্বোধন করেন প্রধান অতিথি অ্যাডভোকেট উম্মে রাজিয়া কাজল এমপি। সমাজ সেবক মো. মফিজুর রহমান ফরিদ মুন্সির সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগের সভাপতি আতিকুর রহমান মিয়া, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন, গোবিন্দপুর ইউনিয়নের চেয়ারম্যান মো. ওবায়দুল ইসলাম, শিক্ষক মো. নজরুল ইসলাম, সমাজসেবক খিজির হায়াৎ খান বুদ্ধু, মেজবাহ উদ্দিন হিট্টু মুন্সি, কাজী বাদল, জাহিদুর রহমান জিয়া মুন্সি, কৌশিক আহম্মেদ সবুজ মুন্সি, তানভীর আহম্মেদ, তৌফিক আহম্মেদ বিপ্লব প্রমুখ বক্তব্য রাখেন।

প্রধান অতিথি অ্যাডভোকেট উম্মে রাজিয়া কাজল এমপি বলেন, মুকসুদপুরে ৫০৭২ জন প্রতিবন্ধী রয়েছে। এর মধ্যে ভাতা পায় ১৪১৩ জন। শিক্ষাভাতা পায় ১৪৯ জন। এই স্কুল তাদের শিক্ষা প্রদানসহ সব ধরনের উন্নয়নে কাজ করে যাবে।